

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির

জুলাই ২০২১ মাসের সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মোঃ মাহমুদুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া।
স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, আদমদীঘি, বগুড়া।
তারিখ ও সময় : ২৫ জুলাই - ২০২১, বেলা- ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ:


১. মোঃ মাহমুদুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া	স্বাক্ষরিত
২. মোঃ জিল্লুর রহমান, চেয়ারম্যান, আদমদীঘি ইউনিয়ন পরিষদ, আদমদীঘি, বগুড়া	স্বাক্ষরিত
৩. প্রধান শিক্ষক, আদমদীঘি আইপিজে পাইলট উচ্চ বিদ্যালয়	স্বাক্ষরিত
৪. অধ্যক্ষ, আদমদীঘি আদমিয়া ফাযিল ম, আদমদীঘি, বগুড়া	স্বাক্ষরিত
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদমদীঘি, বগুড়া	স্বাক্ষরিত

অদ্যকার সভার পুরোতেই সভাপতি মোঃ মাহমুদুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া উপস্থিত সকল সম্মানীত

সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত
১. পূর্ব সভার কার্যবিবরণী অনুমোদন	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পূর্ববর্তী সভার গৃহিত সিদ্ধান্তগুলি পাঠ করে শুনান এবং কোন অসংগতি না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।
২. শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম জোড়দার করণ প্রসংগে।	সভায় উপজেলার স্কুল ও মাদরাসার শ্রেণিভিত্তিক পাঠদান কার্যক্রম জোড়ালোভাবে পরিচালনার জন্য শিক্ষা প্রতিষ্ঠান গুলোকে জোড় নির্দেশনা প্রদানের ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বলা হয়। শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে শ্রেণি কার্যক্রমে অনুপস্থিত শিক্ষার্থীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে মর্মে সভায় হতাশা ব্যক্ত করা হয়। বিশদ আলোচনার পর নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত : ১ শিক্ষা প্রতিষ্ঠান গুলো চালু থাকার সময় সকাল ১০.০০ হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত সকল প্রকার কোচিং ও প্রাইভেট টিউশনি বন্ধ রাখার ব্যাপারে প্রশাসনিক ভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত : ২ প্রত্যেক ইউনিয়নের চেয়ারম্যানবৃন্দ তাদের স্ব-স্ব ইউনিয়নের স্কুল ও মাদরাসা গুলো এ ব্যাপারে যথাযথ মনিটরিং করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
৩. স্কুল, কলেজ ও মাদরাসা শিক্ষকগণের আইসিটি প্রশিক্ষণ	সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ায় মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রজেক্ট সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রোগ্রাম। এই কার্যক্রমের অংশ হিসাবে শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে মাল্টিমিডিয়া মাধ্যমে শ্রেণি কার্যক্রম বাস্তবায়নের জন্য আইসিটি বিষয়ে শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি করা প্রয়োজন। এ বিষয়ে সরকারের বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি চালু রয়েছে। ফলে স্থানীয় ভাবে প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষকদের আইসিটি বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা প্রয়োজন। বিশদ আলোচনার পর নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত-১. উপজেলা পরিষদ থেকে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।
বিবিধ	সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

তারিখ: ২৫/০৭/২০২১ খ্রিঃ

সভাপতি

(মোঃ মাহমুদুর রহমান)
ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া।

তারিখ: ২৫/০৭/২০২১ খ্রিঃ

স্মারক নং - ৩৭.০২.১০০৬.০০০.০০.০০০.২১-

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরিত হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া

২। উপজেলা নির্বাহী অফিসার, আদমদীঘি, বগুড়া।


৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া

৪। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।

৫। জনাব,.....সদস্য উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি, আদমদীঘি, বগুড়া।

৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,.....কলেজ/বিদ্যালয়/সুপার, আদমদীঘি, বগুড়া (সকল)।

৭। অফিস কপি।


(মোঃ মাহবুবুল হোসেন)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি

আদমদীঘি, বগুড়া।